মেহেরপুরে ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের সিনিয়র ফেলোর আয়োজনে স্থানীয় জনসম্পৃক্ত সমস্যা সমাধানে “ইফেক্টিভ এ্যাডভোকেসি ইন এ্যাড্রেসিং লোকাল কমিউনিটি ইস্যু” শিরোনামে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালের দিকে ইউএসএইড এর অর্থায়নে এসপিএল প্রকল্পের আওতায় মেহেরপুরের লা-ভোগ রেস্টুরেন্টে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

ডিআই এর সিনিয়র ফেলো আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক আকবর জালাল এবং বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের মেহেরপুর জেলা সভানেত্রী সাইয়্যেদাতুননেসা কর্মশালাটির আয়োজন করেন।

কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, এবং মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুল হালিম।

গাংনীতে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

গাংনীতে উপজেলা চোরাচালান ও আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩০ আগস্ট) সকাল সাড়ে দশটার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে চোরাচালান ও আইন-শৃঙ্খলা কমিটির মাসিক এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকী সেতুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় গাংনী উপজেলা চেয়ারম্যান ও আইনশৃঙ্খলা কমিটির

উপদেষ্টা এম এ খালেক, পৌরসভার মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা সুপ্রভাত রানি,গাংনী থানার ওসি (তদন্ত) মনজিৎ কুমার নন্দি, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান, বামন্দি ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, কাজীপুর ইউপি চেয়ারম্যান মুহা. আলম হুসাইন, তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলীসহ বিজিবি,সরকারি কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৩ মাসের সাজাপ্রাপ্তসহ ৪ জন গ্রেফতার

৩ মাসের সাজাপ্রাপ্ত একজনসহ বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামি গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আজ বুধবার (৩০ আগস্ট) সকাল ১০ টার দিকে সদর থানা পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গ্রেফতারকৃত আসামিরা হলেন, ৩ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আদালতের পরোয়ানাভূক্ত সিআর ১৪৩১/২০ নং মামলার আসামি সদর উপজেলার মনোহারপুর গ্রামের ইদ্রিস হোসেনের ছেলে জাহাঙ্গীর হোসেন ওরফে জেবু, আদালতের পরোয়ানাভূক্ত সিআর ৪০৫/২৩ নং মামলার আসামি মেহেরপুর শহরের মল্লিকপাড়া এলাকার মফিজুর রহমানের স্ত্রী মোছা: মাহফুজা সুলতানা, সিআর ৮৫৫/২৩ নং মামলার আসামি সদর উপজেলার পুরাতন মদনাডাঙ্গা গ্রামের বরকত আলীর স্ত্রী মাছুরা খাতুন ও সিআর ৮৫৪/২৩ নং মামলার আসামি সদর উপজেলার খোকসা গ্রামের বক্কার মোল্ল্যার ছেলে পাপন মোল্ল্যা।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম এতথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, সদর থানা পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বুধবার (৩০ আগস্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৭ গ্রাম হেরোইনসহ ৩ মাদক কারবারি আটক

৭ গ্রাম হেরোইনসহ ৩ মাদক কারবারিকে আটক করেছে মেহেরপুর সদর উপজেলার সাহেবপুর ফাঁড়ি পুলিশ।

আটক মাদক কারবারিরা হলেন, সদর উপজেলার পিরোজপুর গ্রামের ইয়াকুব আলীর ছেলে আলাহামদু (২৭) একই গ্রামের হঠাৎপাড়ার মৃতু প্রভাস বিশ্বাসের ছেলে শ্রী রবিন কুমার বিশ্বাস (৪৫) ও আব্দুস সাত্তার মোল্ল্যার ছেলে ডাবলু মোল্ল্যা (৩৫)।

গতকাল মঙ্গলবার (২৯ আগস্ট) দিবাগত রাত ২ টার দিকে একই উপজেলার আশরাফপুর জামতলার মোড় নামক স্থানে ইজিবাইক চেক করে ৭ গ্রাম হেরোইনসহ ওই তিনজনকে আটক করে সাহেবপুর ফাঁড়ি পুলিশের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) বিকাশ চন্দ্র বিশ্বাসের নেতৃত্বে একদল পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম এতথ্য নিশ্চিত করেন।

এসআই বিকাশ চন্দ্র বলেন, রাত ২ টার দিকে আশরাফপুর গ্রামের জামতলার মোড় নামক স্থানে টহল পুলিশের সামনে দিয়ে ইজিবাইকে চড়ে তিন মাদক কারবারি যাচ্ছিলেন। এসময় তাদের চ্যালেঞ্জ করলে পালিয়ে যাওয়ার চেষ্টা করেন। এসময় তাদের আটক করে পকেট থেকে ৭ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) স্বারণীর ৮(ক)/৪১ ধারায় মেহেরপুর সদর মামলা করা হয়েছে। মামলা নং ৪৯।

আটককৃত তিন মাদক কারবারিকে আজ বুধবার (৩০ আগস্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে আত্মহনন প্রচেষ্টাকারীর ও প্ররোচনাকারীর কারাদণ্ড

মেহেরপুরে বিষপানে আত্মহত্যার প্রচেষ্টা করায় রেক্সোনা নামের এক নারীকে ১ বছরের কারাদণ্ড এবং আত্মহত্যার প্ররোচনা দেওয়াতে লালমনি খাতুন নামের অপর নারীকে ছয় মাসের কারাদণ্ড দিয়েছেন আদালত।

গতকাল সোমবার (২৮ আগষ্ট) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত-২ গাংনী, মেহেরপুরের বিচারক তরিকুল ইসলাম এই রায় দেন। আদালত রায়ে আত্মহত্যার প্রচেষ্টাকারীকে ১ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং প্ররোচনাকারী হিসাবে তার মা লালমনি খাতুনকে ছয় মাসের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমান, অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদন্ডের আদেশ প্রদান করেন।

বাংলাদেশের দন্ডবিধিতে আত্মহত্যার চেষ্টাকারীর শাস্তি দণ্ডবিধির ৩০৯ ধারায় এক বছর কারাদণ্ড এবং আত্মহত্যায় সহায়তা বা প্ররোচনাকারীকে দণ্ডবিধির ৩০৬ ধারা অনুযায়ী ১০ বছরের কারাদণ্ডের বিধান রয়েছে।

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোঃ মতিউর রহমানের ছেলে মোঃ মিজানুর রহমান একই গ্রামের প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী মোছাঃ রেক্সোনা খাতুন এবং রেক্সোনার মা আরজ আলীর স্ত্রী মোছাঃ লালমনি খাতুন এর বিরুদ্ধে বাংলাদেশ দন্ডবিধি ১৯৩/৩০৯/৫০৬ (II) ১০৯ ধারায় ২০২২ সালের ২৮ এপ্রিল একটি মামলা দায়ের করে। মামলা তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও তিনজন সাক্ষীর স্বাক্ষর প্রমাণ শেষে অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত এই রায় দেন।

মামলার বিবরণে জানা যায়, মামলার বাদী ও আসামিগণের বাড়ি একই গ্রামে। মামলার বাদী মোঃ মিজানুর রহমান মেসার্স মিজান গার্মেন্টস এন্ড হার্ডওয়ারের স্বত্বাধিকারী। মামলার এক নম্বর

আসামি মোছাঃ রেকসানা খাতুন প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী। প্রবাস থেকে জিয়ারুলের পাঠানো টাকা বিভিন্ন ভাবে অপব্যায় করে রেক্সোনা খাতুন। পরবর্তীতে রেক্সোনার স্বামী তার পাঠানো টাকার হিসাব চাইলে, মেসার্স মিজান গার্মেন্টস এন্ড হার্ডওয়ারের স্বত্বাধিকারী মিজানের কাছে টাকা জমা রাখার মিথ্যা গল্প সাজিয়ে ফাঁসানোর জন্য রেক্সোনা তার ফেসবুক আইডি থেকে টাকা পাবে বলে মিথ্যা প্রচারণা চালায়।২০২২ সালের ২০ এপ্রিল রেক্সোনা মামলার বাদী মিজানুর রহমানের কাছে ২ লক্ষ টাকা পাবে দাবী করে তার মা লালমনি খাতুনের ইন্ধনে মিজানুর রহমানের দোকানে এসে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করলে স্থানীয় লোকজন রেক্সোনা খাতুন কে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এসময় রেক্সোনা সংবাদ সম্মেলনের মাধ্যমে বিভিন্ন মিথ্যা তথ্য প্রকাশ করে।

মিজানুর রহমান উক্ত সংবাদ প্রকাশের বিরুদ্ধে ২০২২ সালের ২৩ এপ্রিল সংবাদ সম্মেলন করে এবং বিভিন্ন পত্রিকায় প্রতিবাদ দেওয়া সহ আদালতে মামলাটি দায়ের করে।

মুজিবনগরে ঢেউটিন ও চেক বিতরণ

মুজিবনগরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন এমপি এর বিশেষ বরাদ্দ হতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে ঢেউটিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) দুপুরে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ এর আয়োজনে উপজেলা পরিষদ চত্ত্বরে ঢেউটিন ও অর্থ বিতরণ করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। এসময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা উপস্থিত ছিলেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলেম জানান, মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকার ৪২ টি পরিবারের মাঝে ৪৫ বান্ডিল ঢেউটিন এবং বান্ডিল প্রতি ঢেউটিনের জন্য নগদ ৩ হাজার টাকা করে ১ লক্ষ ৩৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযান, ডাবসহ ৪ দোকানে জরিমানা আদায়

মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে একটি ডাবের দোকানসহ ৪ দোকানে ৬ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) বেলা দেড়টার দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ মেহেরপুর পশুহাট ও বড়বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ জানান, বড় বাজার এলাকায় ডাব বিক্রেতা সোহেল আহম্মেদ ডাবের ভাউচার সংরক্ষন না করা ও মুল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়া পশু হাটপাড়া এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও মুল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে মেসার্স রানা স্টোরকে ২ হাজার, একই অপরাধে ও একই আইনে মেসার্স আসিফ স্টোরকে ২ হাজার ও মুল্য তালিকা প্রদর্শনা না করার অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৮ ধারায় মেসার্স শুভ স্টোরকে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।
এসময় বড় বাজার, হোটেল বাজার এলাকায় বিভিন্ন দোকানে শতর্ক করা হয়েছে।

এসময় জেলা মার্কেটিং অফিসার আব্দুর রাজ্জাক ও সদর উপজেলা স্যানেটারি অফিসার তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

গাংনীতে মায়ের কাছে পৌছানোর আগেই নিথর হলো শিশু ইয়ানুর

সড়ক পার হয়ে মায়ের কাছে আসতে গিয়ে সড়ক দুর্ঘটনার শিকার হয়ে ইয়ানুর (৫) চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার (২৯ আগস্ট) ভোররাতের দিকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয়।

নিহত ইয়ানুর গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের ফুটানি বাজার এলাকার ভ্যান চালক আব্দুল্লাহর ছেলে।

গতকাল সোমবার (২৮ আগস্ট) সন্ধ্যার দিকে গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের বামন্দী-কাজিপুর আঞ্চলিক সড়কের বালিয়াঘাট গ্রামের ফুটানি বাজার এলাকায় মোটরসাইকেলের ধাক্কায় আহত হয়। আহতাবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি ক্লিনিকে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়।

স্থানীয় মেম্বর আসাদুল ইসলাম জানান, সোমবার সন্ধ্যার দিকে বাড়ির পাশে মুদি দোকানে ইয়ানুরের মা মশার কয়েল কিনতে গেলে সে মায়ের পিছু পিছু যায়। এসময় তার মা সড়ক পার হয়ে আসলেও ইয়ানুর পিছ পড়ে। পরে সড়ক পার হয়ে মায়ের কাছে আসার সময় একটি দ্রুতগামী মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে সে সড়কের উপর ছিটকে পড়ে। এসময় বিপরীত দিক থেকে আসা একটি ব্যাটারিচালিত ইজিবাইক শিশুটিকে চাপা দেয়।

মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার দিকে শিশু ইয়ানুরের মরদেহ নিজ গ্রামের বাড়িতে এসে পৌছালে পরিবারে শোকের ছায়া নেমে আসে। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরে ফুটবল খেলাকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে আহত ২

মেহেরপুরের রাধাকান্তপুর মধ্যপাড়ায় ফুটবল খেলা কে কেন্দ্র করে সৃষ্ট মনোমালিন্য থেকে উদ্ভূত সংঘর্ষে গুরুতর আহত হয়েছেন দুই জন।

গতকাল সোমবার (২৮ আগষ্ট) রাতে দুই পক্ষের সৃষ্ট সংঘর্ষে রাধাকান্তপুর মধ্যপাড়ার আব্দুল কাদের মিয়ার ছেলে রিপন মিয়া(৩৫) এবং মোঃ জাহর আলীর ছেলে মোঃ সাজু মিয়া (৩৬) গুরুতর আহত হয়। আহতদের উদ্ধার করে মপহেরপুর সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক রিপন মিয়াকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আহত অপর ব্যক্তি সাজু মেহেরপুর সদর হাসপাতালে চিকিৎসাধীন আছে।

এলাকাবাসী সুত্রে জানা গেছে, সংঘর্ষের আগের দিন ২৭ আগষ্ট সন্ধ্যা ৭টায় ফুটবল খেলাকে কেন্দ্র করে রাধাকান্তপুরের আব্দুস সালামের ছেলে মিলন ও মোঃ জাহর আলীর ছেলে সানির মধ্যে মনোমালিন্য হয়। এরই জের ধরে গতকাল সোমবার রাতে সংঘর্ষের সুত্রপাত হয়।

মেহেরপুর থানা পুলিশের একাধিক সূত্র ঘটনার সত্যতা নিশ্চিত করে জানিয়েছে এ ব্যাপারে থানায় কোন পক্ষ লিখিত অভিযোগ করেনি। লিখিত অভিযোগ প্রার্থী সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে ছাগল পালন করে স্বাবলম্বী প্রতিবন্ধী সাহাবুল

ছাগল পালন করে স্বাবলম্বী এখন প্রতিবন্ধী সাহাবুল। শিশুকালে একটি দুর্ঘটনায় দুটি হাত হারিয়ে প্রতিবন্ধী হয়ে পড়েন তিনি। পরিবারের

বোঝা না হয়ে নিজেই নেমে পড়েন ছাগল লালন পালনে। বছর শেষে লাখ টাকা আয় করছেন মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের সাহাবুল ইসলাম। প্রতিবন্ধী হলেও এলাকায় তিনি এখন রোল মডেল। ভিক্ষাবৃত্তি বেছে না নিয়ে নিজের ইচ্ছেয় স্বাবলম্বী হয়ে পরিবারের জোগাচ্ছেন অর্থ। সংসার জীবনে দুই কন্য সন্তান নিয়ে বড় স্বপ্ন দেখছেন তিনি।

৯ বছর বয়সে বন্ধুদের সাথে গ্রামের মাঠে পাখি ধরতে গিয়ে বৈদ্যুটিক খুটিতে উঠেন সাহাবুল। ১২ হাজার ভোল্টের তারে হাত দিতে পুড়ে যায় দুই হাত। হাসপাতালে নিলে ডাক্তার কেটে ফেলে দেন হাত দুটি। সেই থেকে অক্ষম হয়ে পড়েন সাহাবুল। এতে দমে যায়নি সে। ভিক্ষাবৃত্তি বেছে না নিয়ে পিতার সাথে ৫টি ছাগল কিনে নিয়ে শুরু করেন ছাগল লালন পালন। ৫টি ছাগল থেকে এখন তার ছাগল ৪০টি। প্রতি বছর ছাগল বিক্রি করে আয় করছেন লাখ টাকা। তাকে দেখে এখন অনেকে ছাগল লালন পালন শুরু করেছেন। গ্রামের সবাই তাকে বিভিন্ন ভাবে সহযোগীতা করে থাকেন। এলাকায় এখন সে রোল মডেল।

সকাল থেকে সন্ধ্যা পর্ষন্ত ছাগল নিয়ে গ্রামের মাঠে মাঠে ঘুরে বেড়ান। সন্ধ্যায় বাসায় ফিরে চায়ের দোকান বা বন্ধুদের সাথে সঙ্গ দেন সাহাবুল। দুই হাত না থাকায় কোন আপসোস নেই তার। ভালো ভাবে বেচে আছেন এতেই খুশি তিনি। সংসার জীবনে দুই কন্য সন্তানদের নিয়ে স্বপ্ন বুনছেন। সন্তানদের উচ্চ শিক্ষা সহ ভালো যায়গায় বিয়ে দিতে পারলে তার সব স্বপ্ন পূরন হবে বলে জানান। দুই হাত না থাকায় পা দিয়ে নিজেই করেন খাওয়া দাওয়া। বিয়ের আগে ব্যক্তিগত কাজ তার মা করে দিতেন সেই কাজ এখন স্ত্রী করেন। স্থানীয়রা বলছেন অনেকের হাত-পা থাকলেও বেকার ঘুরে বেড়ান। কিন্তু সাহাবুল প্রতিবন্ধী হলেও নিজে এখন স্বাবলম্বী। সরকারী ভাবে সাহায্য সহযোগীতা পেলে আরো উন্নতি করতে পারতো প্রতিবন্ধী সাহাবুল।

মোঃ সাহাবুল ইসলাম (প্রতিবন্ধী) হয়েও আমি ছাগল পালন করে স্বাবলম্বী এটি আমার কাছে গর্বের। দুই হাত না থাকলেও কোন আপসোস নেই। ভালো ভাবে বেঁচে আছি এতেই খুশি আমি। তিনি বলেন, আমার দুটি সন্তান তাদের উচ্চ শিক্ষা সহ ভালো যায়গায় বিয়ে দিতে পারলে সব স্বপ্ন পূরন হবে আমার।

স্থানীয় বাসিন্দা রমজান আলী বলেন, আমরা সাধুবাদ জানায় সে নিজের উদ্যোগে ছাগল পালন করে সংসার চালায়। তার দুই হাত নেই তার পরেও সে ভিক্ষাবৃত্তি না করে ছাগল পালন করে স্বাবলম্বী হয়েছে।

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান বলেন, প্রতিবন্ধী হয়েও ছাগল পালন করে স্বাবলম্বী হওয়া সাহাবুলকে যেভাবে পারি আমার ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে র্সবোচ্চ সহযোগিতা করতে চাই।

মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান বলেন, জেলা প্রাণিসম্পদ বিভাগের পক্ষ থেকে ছাগলের যেকোনো রোগের বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ থেকে শুরু করে সার্বিক সহযোগিতা করে আসছে।